

পাশ্চিমবঙ্গ সরকার
বাবু জগজীবন রাম ছাত্রাবাস
ইটাহার, উত্তর দিনাজপুর

অনগ্রসর সম্প্রদায় কল্যান ও আদিবাসী বিভাগ

উত্তর দিনাজপুর

স্মারক নং 11(13)/BJRC/ITAR/23

তারিখ 26/07/2023

বিজ্ঞপ্তি

এতদ্বারা বর্তমান শিক্ষাবর্ষে (২০২৩-২০২৪) মাধ্যমিকোত্তর শ্রেণীতে পাঠরত এবং ভর্তিপ্রাপ্ত সকল তপশিলী জাতি ভুক্ত ছাত্রদের জানানো যাচ্ছে যে, পাশ্চিমবঙ্গ সরকার, তাদের সুবিধার্থে প্রতিবছরের ন্যায় বর্তমান শিক্ষাবর্ষেও (২০২৩-২০২৪) ইটাহার শহরে অবস্থিত বাবু জগজীবন রাম ছাত্রাবাসে উত্তর দিনাজপুর জেলার প্রত্যন্ত দরিদ্র ও মেধাবী ছাত্রদের নিজস্ব পড়াশুনা চালাবার সুবিধার্থে ভর্তি হওয়ার ব্যবস্থা করেছে। এই উদ্দেশ্যে শহরে অবস্থিত উচ্চবিদ্যালয়ে (একাদশ ও দ্বাদশশ্রেণী) ও মহাবিদ্যালয়ে (কলেজে) ভর্তি হয়েছে এমন ছাত্রদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। দরখাস্ত বা আবেদন পত্র নির্দিষ্ট হোস্টেল সুপারের অফিস থেকে পাওয়া যাবে এবং নিম্নলিখিত প্রমানাদি সহ যথাযথভাবে পূরণ করা আবেদন পত্র ঐ হোস্টেলের সুপারের কাছে জমা করতে হবে। আবেদন পত্র বিতরণের সময়সীমা : ২৭-০৭-২০২৩ থেকে ২০-০৮-২০২৩ তারিখ পর্যন্ত। সঠিক ভাবে পূরণ করা আবেদন জমা করার শেষ তারিখ : ২০-০৮-২০২৩ (কোনো অবস্থাতেই শেষ তারিখের পর কোন আবেদন পত্র জমা নেওয়া হবে না।)

প্রামাণ্য নথি :

- ১। পাঠরত শিক্ষাপ্রতিষ্ঠানের ভর্তির রসিদের প্রত্যায়িত নকল।
- ২। কাষ্ট সাটিফিকেটের প্রত্যায়িত নকল।
- ৩। পিতামাতা/অভিভাবকের বাৎসরিক আয়ের প্রমানপত্র (বি.ডি.ও/সভাপতি,পঞ্চায়েত সমিতি/গেজেটেড অফিসার/ জেলা পরিসদ সদস্য/ মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান/কমিশনার লোকাল এম.এল.এ/এম.পি দ্বারা শংসায়িত হতে হবে)।
- ৪। ছাত্র-এর স্থায়ী বাসস্থান থেকে সে যে স্কুল/কলেজে পড়ছে তার সঠিক দুরত্বের প্রমানপত্র বা শংসাপত্র (উপরের ৩ নং প্যারায় বলা গন্যমান্য ব্যক্তিবর্গের দ্বারা প্রত্যায়িত হতে হবে)।
- ৫। চাকুরীজীবী পিতামাতা/ অভিভাবকের বাৎসরিক আয়ের প্রমানপত্র ড্রয়িং এন্ড ডিসবার্সিং অফিসার দ্বারা প্রত্যায়িত হতে হবে।
- ৬। মাধ্যমিক/উচ্চমাধ্যমিক/স্নাতক স্তরের পরীক্ষার মার্কসিটের প্রত্যায়িত নকল।
- ৭। আবেদন পত্র “ফাষ্ট কাম ফাষ্ট সার্ভ” (আগে আসলে আগে পাবে) ভিত্তিতে বিতরণ করা হবে।
- ৮। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- ৯। নির্দিষ্ট আসন সংখ্যার ভিত্তিতে শেষ পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও বাড়ী থেকে স্কুল/কলেজে-র দুরত্ব অনুসারে চূড়ান্ত পর্যায়ে যোগ্য প্রার্থীদের তালিকা হোস্টেলের নোটিশ বোর্ডে দেওয়া হবে।
- ১০। আবাসিক সমস্ত তপশিলী জাতি ছাত্ররা তাদের পড়াশুনা চালাবার জন্য সরকারী বৃত্তি (পোস্ট ম্যাট্রিক স্কলারশিপ) পাবে।

সুপারিন্টেন্ডেন্ট (অধীক্ষক)
বাবু জগজীবন রাম ছাত্রাবাস
ইটাহার, উত্তর দিনাজপুর
BJRC Itahar Boy's
S.C Hostel at Itahar
Uttar Dinajpur
তারিখ 26/07/2023

স্মারক নং 11(13)/BJRC/ITAR/23

অনুলিপি বহুল প্রচারের জন্য প্রেরিত হল :

- ১। সভাপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
- ২। কমিশনার, অনগ্রসর শ্রেণি কল্যান ও আদিবাসী উন্নয়ন।
- ৩। জেলা শাসক, উত্তর দিনাজপুর।
- ৪। প্রকল্প অধিকারিক/ডিপ্লিট ওয়েলফেয়ার অফিসার, উত্তর দিনাজপুর জেলা।
- ৫। মহকুমা শসক, রায়গঞ্জ ও ইসলামপুর, উত্তর দিনাজপুর।
- ৬। সমষ্টি উন্নয়ন আধিকারিক, সকল (অল) ব্লক, উত্তর দিনাজপুর।
- ৭। সভাপতি,.....পঞ্চায়েত সমিতি।
- ৮। চেয়ারম্যান,.....পৌরসভা।
- ৯। জেলা বিদ্যালয় পরিদর্শক (সেকেন্ডারী), উত্তর দিনাজপুর। অনুরোধ করা হচ্ছে, সকল স্কুলগুলির নজরে আনার জন্য।
- ১১। শ্রী/শ্রীমতী.....মাননীয়/মাননীয়া সদস্য/সদস্যা, জেলা তপশিলী জাতি কমিটি।
- ১২। প্রিন্সিপাল (অধ্যক্ষ/অধ্যক্ষ).....কলেজ।
- ১৩। প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা.....উচ্চবিদ্যালয়।

সুপারিন্টেন্ডেন্ট (অধীক্ষক)
বাবু জগজীবন রাম ছাত্রাবাস
ইটাহার, উত্তর দিনাজপুর
Superintendent
BJRC Itahar Boy's
S.C Hostel at Itahar
Uttar Dinajpur.